দৈনিক ইনকিলাব

তারিখ ... NOV. 07 1999 ...
পৃষ্ঠা ১৩ . কলাম ৬......

65

# কৃতী মাদ্রাসা ছাত্রীদের বৃত্তির টাকা হস্তান্তর

স্টাফ রিপোর্টার ঃ রাজধানী ঢাকার মিরপুর ১২ নং সেকশনে অবস্থিত মহিলা মাদ্রাসা আল-মাদ্রাসা আল-মাদানিয়া আল-আরাবিয়ার কৃতী ছাত্রীদের গত শুক্রবার আনুষ্ঠানিকভাবে বৃত্তির টাকা হস্তান্তর করা হয়েছে। মাদ্রাসা কমিটির সভাপতি বিএনপি নেতা এখলাসউদ্দিন মোল্লা কৃতী ছাত্রীদের অভিভাবকদের হাতে এই বৃত্তির টাকা তুলে দেন। উল্লেখ্য, বাংলাদেশে কওমী মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে ২১তম কেন্দ্রীয় পরীক্ষায় এই মাদ্রাসার কৃতী ছাত্রী ফাতেমা ও রহিমা হোসাইন দাওরা (তকমীল) বিভাগে সম্মিলিত মেধা তালিকায় বোর্ডে যথাক্রমে প্রথম এবং দ্বিতীয় স্থান অধিকার করেছে। এ ছাড়াও এই মাদ্রাসার কৃতী ছাত্রী সুমাইয়া, মেশকাত (ফযিলত) বিভাগে দ্বিতীয়, হালিমা সাদিয়া, নাহবেমীর (ছানুবিয়্যাহ) বিভাগে তৃতীয় এবং সালমা প্রাইমারী ৫ম বিভাগে তৃতীয় স্থান অধিকার করে বৃত্তি পেয়েছে। একই অনুষ্ঠানে মাদ্রাসার ১৪২০ হিজরীর তকমীল সমাপনী ৩৯ জন ছাত্রীকে বোরকা প্রদান করা হয়। জনাব এখলাস উদ্দিন মোল্লা মাদ্রাসার মোহতামিম মাওলানা মোঃ আব্দুল কুদ্দুছের হাতে বোরকাগুলো তুলে দেন। বর্তমানে এই মাদ্রাসায় প্রায় ছয়শ' ছাত্রী রয়েছে।